2020 সালের গণনায় আমাদের অন্তর্ভুক্ত

গণনায় থাকার মাঝেই রয়েছে

ASIAN AMERICANS ADVANCING JUSTICE

COUNTUSIN2020.ORG

## 2020 জনগণনাতে আমি কীভাবে জবাব দেবো এবং আমাকে কী কী জিজ্ঞেস করা হবে?

2020 জনগণনায় যুক্তরাষ্ট্রে বসবাসকারী প্রতিটি মানুষকে গণনা করা হবে। জনগণনাটি আসলে একটি সংক্ষিপ্ত প্রশ্নমালা যেখানে আপনার পরিবার ও তাতে যারা থাকে তাদের ব্যাপারে সাধারণ তথ্য জানতে চাওয়া হয়। **আপনার ব্যক্তিগত জবাবগুলো গোপনীয় থাকবে এবং তা অন্য কোনো সরকারি সংস্থা যেমন ইমিগ্রেশন এনফোর্সমেন্ট, পুলিশ বা হাউজিং কর্তৃপক্ষের সাথে শেয়ার করা যাবে না।** সরকার জনসংখ্যার গণনার ভিত্তিতে রাজনৈতিক প্রতিনিধিত্ব ভাগ করে থাকে এবং বরাদ্দ কোথায় ব্যবহার করা হবে তা নির্ধারণ করে থাকে।

### জনগণনাতে আমি কীভাবে জবাব দেবো?

মার্চ 2020 থেকে জনগণনা ব্যুরো জনগণনায় অংশ নেওয়ার আমন্ত্রণ জানিয়ে বাসায় বাড়িতে তথ্য পাঠাবে। অংশ নেওয়ার জন্য তিনটি পন্থা রয়েছে:

| | |
|---|---|
| Online | এই প্রথমবারের মত আপনি অনলাইনে আপনার জনগণনার ফর্ম পূরণ করতে পারবেন। অধিকাংশ বাসায় অনলাইনে জবাব দেওয়ার আমন্ত্রণ জানিয়ে চিঠি দেওয়া হবে যাতে থাকবে একটি ইউনিক হাউজহোল্ড আইডি ও জনগণনা ব্যুরোর অফিশিয়াল ওয়েবসাইটের ওয়েব ঠিকানা।<br><br>ইন্টারনেটে সেলফ-রেস্পন্স ফর্মটি ইংরেজি ছাড়াও চাইনিজ (সিমপ্লিফাইড), জাপানিজ, কোরিয়ান, তাগালোগ ও ভিয়েতনামিজ সহ 12টি ভাষায় পাওয়া যাবে। |
| Phone | আপনি জনগণনা প্রশ্নাবলী সহায়ক ফোন লাইনে কল করে ফোনে প্রশ্ন জিজ্ঞেস করতে ও জনগণনার জবাব দিতে পারেন।<br><br>*ফোন সাপোর্ট ইংরেজি এবং চাইনিজ (ম্যান্ডারিন ও ক্যান্টনিজ), জাপানিজ, কোরিয়ান, তাগালোগ ও ভিয়েতনামিজ সহ আরও 12টি ভাষায় পাওয়া যাবে। প্রতিটি ভাষার জন্য জনগণনা ব্যুরোর একটি ডেডিকেটেড টোল-ফ্রি ফোন নাম্বারের মাধ্যমে কলাররা জনগণনার ব্যাপারে আরো তথ্য জানতে পারবে, প্রশ্ন জিজ্ঞেস করতে পারবে এবং ফোনে তাদের জনগণনার ফর্মের জবাব দিতে পারবে।* |
| Paper | আপনি কাগজের ফর্মের মাধ্যমে জবাব দিতে পারেন। কিছু বাসায় – প্রতি পাঁচটির মধ্যে একটিতে – প্রথমবারের মেইলে কাগজের ফর্ম পাঠানো হবে। চতুর্থ মেইলে সবাইকে কাগজের ফর্ম পাঠানো হবে।<br><br>কাগজের ফর্মটি শুধু ইংরেজি ও স্প্যানিশ ভাষায় পাওয়া যাবে। |

## কখন আমি জনগণনায় জবাব দেবো?

<u>জবাব দেওয়ার আমন্ত্রণ জানিয়ে জনগণনা ব্যুরো একাধিকবার তথ্য মেইল করবে:</u>

| | |
|---|---|
| মার্চ 12-20 | জনগণনা ব্যুরো তিনবার মেইলের মাধ্যমে বাসায় বাড়িতে জনগণনার জবাব দেওয়ার আমন্ত্রণপত্র পাঠাবে। |
| মার্চ 16-24 | যেসব বাড়ি জবাব দেবে না সেসব বাড়িতে রিমাইন্ডার চিঠি পাঠানো হবে। |
| মার্চ 26-এপ্রিল 3 | যেসব বাড়ি জবাব দেবে না সেসব বাড়িতে রিমাইন্ডার চিঠি পাঠানো হবে। |
| এপ্রিল 8-16 | যেসব বাড়ি জবাব দেবে না সেসব বাড়িতে রিমাইন্ডার চিঠি ও কাগজের ফর্ম পাঠানো হবে। |
| এপ্রিল 20-27 | চূড়ান্ত রিমাইন্ডার পোস্টকার্ড পাঠানো হবে। |
| মে 13 | যেসব বাড়ি জবাব দেবে না সেসব বাড়িতে জনগণনা ব্যুরোর কর্মকর্তারা পরিদর্শনে যাবে। |

### 2020 জনগণনাতে আমাকে কী কী জিজ্ঞেস করা হবে?

2020 জনগণনা সম্পন্ন করতে কয়েক মিনিট লাগবে এবং তাতে নিম্নোক্ত প্রশ্নগুলো জিজ্ঞেস করা হবে।

### 2020 জনগণনায় আপনার পরিবার সম্পর্কে জানতে চাওয়া হবে।

| | |
|---|---|
| এপ্রিল 1 তারিখে আপনার ঠিকানায় কতজন মানুষ বাস করছে বা থাকছে। | *আপনার বাড়িতে থাকা সবাইকে অন্তর্ভুক্ত করুন যদি তারা আপনার সাথে সম্পর্কিত নাও হয়ে থাকে। জনগণনায় যুক্তরাষ্ট্রের সকল মানুষকে গণনা করা হবে যার মধ্যে আছে ছোট্ট শিশু, নাগরিক নয় এমন মানুষ, ভাড়াটিয়া – সবাই।* |
| আপনার কী নিজের বাড়ি আছে নাকি আপনি ভাড়া থাকেন? | *আপনার নিজের বাড়ি আছে নাকি আপনি ভাড়া থাকেন তার উত্তর দিন।* |
| টেলিফোন নাম্বার | *জনগণনা ব্যুরো আপনার ফোন নাম্বার শুধু অফিশিয়াল কাজে প্রয়োজন হলে ব্যবহার করবে।* |

### 2020 জনগণনায় আপনার পরিবারে থাকা প্রতিটি মানুষ সম্পর্কে জানতে চাওয়া হবে।

| | |
|---|---|
| নাম, বয়স, জন্ম তারিখ ও লিঙ্গ | *প্রতিটি মানুষের নাম, বয়স ও জন্ম তারিখ দিন। অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে লিঙ্গের জন্য, জনগণনা ব্যুরো অপশন হিসেবে শুধু পুরুষ ও নারী দিয়ে থাকে।* |
| ফর্ম পূরণ করা ব্যক্তির সাথে সম্পর্ক | *সম্পর্ক বেছে নেওয়ার জন্য একটি তালিকা থাকবে যার মধ্যে থাকবে বিবাহিত সঙ্গী (সম বা বিপরীত লিঙ্গ), ভাই বা বোন, মাতাপিতা/অভিভাবক, রুমমেট বা অন্যান্য।* |
| জাতি | *আপনি এক বা একাধিক জাতি বেছে নিতে পারেন। যদি আপনি বহু জাতির হয়ে থাকেন, তাহলে আপনি আপনার জাতিগুলোর বক্সে চেক করে আপনার জাতিগত পরিচয়ের ব্যাপারে অতিরিক্ত তথ্য লিখে দিতে পারেন।*<br><br>*সকল জাতি সম্প্রদায় চেক বক্স অপশন হিসেবে তালিকাভুক্ত থাকবে না। যদি আপনার জাতি তালিকায় না থাকে, তাহলে আপনি আপনার জাতিগত পরিচয়ের ব্যাপারে অতিরিক্ত তথ্য লিখে দিতে পারেন।* |
| হিস্প্যানিক অরিজিন | *এখানে জিজ্ঞেস করা হবে আপনি হিস্প্যানিক নাকি ল্যাটিনো। এটিকে গোষ্ঠীগত পরিচয় হিসেবে ধরা হয়, জাতির নয়। প্রযোজ্য ক্ষেত্রে জাতির বক্সের পাশাপাশি এই বক্সও চেক করতে হবে।* |

**2020 জনগণনায় নাগারকত্ব নিয়ে প্রশ্ন করা হবে না।**

যদি আপনার বাড়িতে ছয় জনের বেশি মানুষ থাকে, তাহলে সপ্তম ব্যক্তি বা তদোর্ধ্ব ব্যক্তির জন্য আপনাকে সাধারণ তথ্য প্রদান করতে হবে। সাধারণ তথ্য হলো নাম, বয়স, জন্ম তারিখ, লিঙ্গ, বর্ণ এবং ঐ মানুষটি যে ফর্ম পূরণ করছে তার সাথে সম্পর্কিত কিনা।

## 2020 জনগণনায় আমাকে কী কী জিজ্ঞেস করা হবে না?

**ফর্মে আপনার ইমিগ্রেশন বা নাগরিকত্বের স্ট্যাটাস নিয়ে জানতে চাওয়া হবে না।**
**ফর্মে আপনার সোশ্যাল সিকিউরিটি নাম্বার জানতে চাওয়া হবে না।**

## আমাকে কী সকল প্রশ্নের উত্তর দিতে হবে?

ফেডারেল আইন অনুযায়ী সবাইকেই জনগণনায় অংশ নিতে ও প্রশ্নের উত্তর দিতে হবে। একটি বা দুটি প্রশ্ন এড়িয়ে যাওয়ার পরও যেসব অংশগ্রহণকারী তাদের নাম ও ঠিকানা দেবে তাদের ফর্ম গণনায় নেওয়া হবে। যদি আপনি বেশ কয়েকটি প্রশ্ন এড়িয়ে যান বা জনগণনাটি একেবারেই সম্পন্ন না করেন, তাহলে অসম্পূর্ণ তথ্য জানতে আপনার বাসায় একজন জনগণনা কর্মকর্তা আসতে পারেন। সকল প্রশ্নের সঠিক উত্তর দিন, জনগণনাতে মিথ্যা তথ্য দেবেন না।

## আমার জবাবগুলো কী গোপনীয় থাকবে? 2020 জনগণনায় জবাব দেওয়াতে আমার কী কোনো ক্ষতি হবে?

- <u>গোপনীয়তা</u>: জনগণনার সকল তথ্য গোপনীয় থাকবে। আইন অনুযায়ী, অন্য কোনো সরকারি সংস্থা, ইমিগ্রেশন কর্মকর্তা বা পাবলিক - কারো সাথে জনগণনা ব্যুরো কোনো ব্যক্তির তথ্য শেয়ার করতে পারবে না। জনগণনার তথ্য ও আপনার তথ্য রক্ষা করতে ফেডারেল আইনে কঠোর গোপনীয়তার সুরক্ষা বিধান রয়েছে।
- <u>শাস্তি</u>: আপনার তথ্যে প্রবেশাধিকার থাকা জনগণনা ব্যুরোর প্রতিটি কর্মকর্তাই আপনার তথ্য রক্ষার করার জন্য আজীবন অঙ্গীকারাবদ্ধ। যদি কোনো জনগণনা ব্যুরো কর্মকর্তা আইন ভঙ্গ করে, তাহলে সেটি ফেডারেল অপরাধ হিসেবে বিবেচিত হবে; এর জন্য কঠিন শাস্তি রয়েছে যার মধ্যে আছে পাঁচ বছরের ফেডারেল কারাবাস, $250,000 পর্যন্ত জরিমানা বা উভয় শাস্তি।
- <u>তথ্য সুরক্ষা</u>: তাছাড়া, জনগণনা ব্যুরো কর্তৃক সংগৃহীত জবাবগুলো শুধু পরিসংখ্যানের কাজে ব্যবহার করা যাবে।জনগণনা ব্যুরো শুধু সামষ্টিক পরিসংখ্যান প্রকাশ করে থাকে এবং কোনো ব্যক্তি, ব্যবসা প্রতিষ্ঠান বা সংস্থাকে শনাক্ত করা যায় এমন কোনো তথ্য প্রকাশ করে না। জনগণনা ব্যুরোর বানানো পরিসংখ্যানের তথ্য ব্যবহার করে জনগণনায় অংশ নেওয়া কোনো ব্যক্তির বিরুদ্ধে তা ব্যবহার করা ফেডারেল, স্টেট ও স্থানীয় সরকারের জন্য নিষিদ্ধ।

**2020 জনগণনা পূরণ করতে যদি আপনার ভাষাগত সহায়তার প্রয়োজন পড়ে?**

**অনলাইন**: ইন্টারনেট সেলফ-রেস্পন্স ফর্মটি ইংরেজি ছাড়াও চাইনিজ (সিমপ্লিফাইড), জাপানিজ, কোরিয়ান, তাগালোগ ও ভিয়েতনামিজ সহ 12টি ভাষায় পাওয়া যাবে।

**ফোন**: ফোন সহায়তা ইংরেজি এবং চাইনিজ (ম্যান্ডারিন ও ক্যান্টনিজ), জাপানিজ, কোরিয়ান, তাগালোগ ও ভিয়েতনামিজ সহ আরও 12টি ভাষায় পাওয়া যাবে। প্রতিটি ভাষার জন্য জনগণনা ব্যুরোর একটি নির্দিষ্ট টোল-ফ্রি ফোন নাম্বারের মাধ্যমে কলাররা জনগণনার ব্যাপারে আরো তথ্য জানতে পারবে, প্রশ্ন জিজ্ঞেস করতে পারবে এবং ফোনে তাদের জনগণনার ফর্মের জবাব দিতে পারবে।

**কাগজ**: কাগজের ফর্মটি ইংরেজি ও স্প্যানিশ ভাষায় পাওয়া যাবে।

**ভাষা সহায়তা**: জনগণনা ব্যুরো ইংরেজি ছাড়াও আরো 59টি ভাষায় গ্লোসারি, ভাষা শনাক্তকরণ কার্ড ও ভাষা নির্দেশিকা বানাচ্ছে যার সবগুলো পাওয়া যাবে এই ওয়েবসাইটে www.2020census.gov।